২.২ কর্মসূচির কৌশলগত উদ্দেশ্য

- ক) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে বর্ণিত জীবনচক্র কাঠামোভিত্তিক শূন্য থেকে ৪ (চার) বছর বয়সী জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তার লক্ষ্য বাস্তবায়ন;
- খ) টেকসই উন্নয়নের অভীষ্ট অনুযায়ী পুষ্টির লক্ষ্যমাত্রা অর্জন;
- গ) অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার বাস্তবায়ন;
- ঘ) শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি, ২০১৩ এর বাস্তবায়ন;
- ঙ) গর্ভাবস্থায় সুষম পুষ্টি উপাদান গ্রহণ বৃদ্ধি;
- চ) মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি;
- ছ) প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসবোত্তর সেবা বৃদ্ধির মাধ্যমে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হ্রাস;
- জ) শিশুর জন্মনিবন্ধন, প্রাক শৈশব যত্ন ও সেবা সচেতনতা বৃদ্ধি;
- ঝ) শিশুর পুষ্টিবিষয়ক শিক্ষা, প্রচার ও প্রশিক্ষণ প্রদান;
- ঞ) অটিজমসহ অন্যান্য Neuro Development Disorder বিষয়ে সচেতনতা বৃদ্ধি;
- ট) পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতা বৃদ্ধি; এবং
- ঠ) প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে গমনে উদ্বুদ্ধ করা।

৩.০ কর্মসূচির পরিধি

বাংলাদেশের সকল জেলা, উপজেলা, ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত এবং সরকার নির্ধারিত কারখানা/ গার্মেন্টসে কর্মরত ২০ থেকে ৩৫ বছর বয়সী প্রথম এবং দ্বিতীয় গর্ভাবস্থায় নারীরা এ কর্মসূচির আওতাভুক্ত হবেন।

৪.০ সুবিধাপ্রাপ্তির আবশ্যিক শর্তাবলী

ক)	বয়স:	২০ থেকে ৩৫ বছর, যার মাধ্যমে বাল্যবিবাহ নিরুৎসাহিত হবে এবং আদর্শ সময়ে গর্ভধারণ উৎসাহিত হবে;
খ)	গর্ভধারণক্রম:	শুধু প্রথম ও দ্বিতীয়বার গর্ভধারণ, যেন জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা হ্রাস পায় এবং পরিকল্পিত পরিবার গঠনে উৎসাহিত হয়;
গ)	জাতীয় পরিচয়পত্র:	জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক। জাতীয় পরিচয়পত্র ছাড়া কোন সুবিধাভোগী নিবন্ধিত হবে না;
ঘ)	Antenatal Care Card, (ANC):	গর্ভধারণের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য গর্ভধারণ সেবা কার্ড (Antenatal Care Card) থাকতে হবে;
ঙ)	এ্যাকাউন্ট/ হিসাব নম্বর:	উপকারভোগীর নিজ নামে ব্যাংক অথবা মোবাইল ব্যাংক অথবা বিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠানে এ্যাকাউন্ট/ হিসাব নম্বর থাকতে হবে;
চ)	সংশ্লিষ্ট এলাকায় বসবাস:	ভাতাপ্রাপ্তির সময়ে সুবিধাভোগীকে সংশ্লিষ্ট ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং সংশ্লিষ্ট কারখানা এলাকায় বসবাস করতে হবে।

৫.০ অগ্রাধিকার শর্তাবলী (গ্রামীণ এলাকার জন্য)

উপকারভোগী পরিবারের দারিদ্র্যের দৃশ্যমানতা ও যাচাইযোগ্য অবস্থার আলোকে অন্তর্ভুক্তি বিবেচনা করা হবে। পাশাপাশি একই ব্যক্তি যাতে সরকারের একাধিক ভাতার উপকারভোগী না হয় অর্থাৎ দ্বৈততা পরিহারের বিষয়টিও নিশ্চিত করা হবে। নিম্নের যে কোনো একটি শর্ত পূরণ করলেই তালিকায় অগ্রাধিকারভিত্তিতে বিবেচিত হবে-

- ক) খানা প্রধানের পেশা: রিকশা বা ভ্যান চালনা, দিনমজুর, কৃষি শ্রমিক, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, মুচি, কুলি, জেলে, বেদে ইত্যাদি;

- **খ)** খানার নিজস্ব ও একক খানা কর্তৃক ব্যবহারযোগ্য উন্নতমানের শৌচাগার না থাকা;
- **গ)** খানায় বিদ্যুতের সংযোগ না থাকা (যদি ঐ গ্রামে বিদ্যুৎ থাকে);
- **ঘ)** খানার নিজস্ব টিউবওয়েল/উন্নত পানির উৎস না থাকা;
- **ঙ)** খানার কোন প্রতিবন্ধি সদস্য কিংবা দূরারোগ্য (ক্যান্সার ইত্যাদি) সদস্য থাকলে
- **চ)** খানায় বৈদ্যুতিক পাখা না থাকা;
- **ছ)** খানার গৃহের দেয়াল পাটখড়ি, বাঁশ, গোলপাতা, টিনের ছাপড়া ও কাদামাটির তৈরি এবং;
- **জ)** ভূমিহীন (নিজ মালিকানায় বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ১৫ শতক অথবা কম) পরিবার।

৫.১ অগ্রাধিকার শর্তাবলী (শহর এলাকার জন্য)

গ্রামীণ জনগণ যাতে শহরমুখী না হয় সে বিষয়টির উপর গুরুত্বারোপ করে শহরের ক্ষেত্রে গার্মেন্টস কর্মী, গৃহকর্মে নিয়োজিত নারী অগ্রাধিকার পাবে। নিম্নের যে কোনো একটি শর্ত পূরণ করলেই তালিকায় অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন-

- ক) খানার পৃথক রান্নাঘর না থাকা;
- খ) খানায় রান্নার জন্য পরিচ্ছন্ন জ্বালানির ব্যবহার না হলে
- গ) খানায় স্মার্টফোন না থাকা
- ঘ) খানায় বৈদ্যুতিক পাখা না থাকা;
- ঙ) খানায় টেলিভিশন/ ডিশ সংযোগ না থাকা;
- চ) খানার গৃহের দেয়াল পাটখড়ি, টিন, বাঁশের তৈরি হলে;
- ছ) খানা সাবলেট চুক্তিতে ভাড়া থাকলে।

উল্লেখ্য, শহর ও গ্রামীন উভয় এলাকায় অটিজমসহ সকল শারীরিক ও মানসিক প্রতিবন্ধী নারীরা অগ্রাধিকার পাবেন, এ ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিবন্ধিতার সার্টিফিকেট প্রমাণক হিসেবে এমআইএস (MIS) এ সংযুক্ত করতে হবে। এছাড়াও সরকারের আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী গর্ভবতী নারীরা অগ্রাধিকার পাবেন।

৬.০ উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ার নিমিত্ত প্রচারণা কার্যক্রম

- **ক)** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার সুবিধাভোগীদের অন্তর্ভুক্ত করার জন্য নারী উন্নয়ন কর্মী, স্বাস্থ্যকর্মী ও পরিবার পরিকল্পনা সহকারীদের মাধ্যমে জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে কমিউনিটি পর্যায়ে মিটিং করে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করবেন;
- **খ)** প্রচারণার জন্য হাট-বাজারে স্থানীয়ভাবে জনপ্রিয় লোকজ সংস্কৃতির আয়োজন যেমন (জারি, সারি, পালাগান, পটগান, নাটক, যাত্রাপালা ইত্যাদির আয়োজন) এছাড়াও উঠান বৈঠক, স্থানীয় কেবল অপারেটর, ইউটিউবে বিজ্ঞাপন প্রচার, পোস্টার ও লিফলেট বিতরণ এবং বিলবোর্ড স্থাপন মাধ্যমে প্রচারণা করা হবে;
- **গ)** স্থানীয় জনপ্রতিনিধি- (ক) শহর/ পৌর এলাকার জন্য ওয়ার্ড কাউন্সিলর, (খ) গ্রামীণ এলাকার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সংরক্ষিত সদস্য ও সদস্য'র মাধ্যমে তাদের আওতাধীন উপযুক্ত নারী ও পরিবারের সদস্যদের মধ্যে প্রচারণা চালাবেন।

৭.০ প্রসবপূর্বসেবা (Antenatal Care / প্রসবপরবর্তী সেবা (Postnatal Care) সেবা গ্রহণ

আবেদনকারী কমিউনিটি ক্লিনিক, পরিবার পরিকল্পনা কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নগর স্বাস্থ্যকেন্দ্র, সরকারি হাসপাতাল (জেলা সদর হাসপাতাল, মা ও শিশুকল্যাণ কেন্দ্র, মেডিকেল কলেজ হাসপাতাল ইত্যাদি), স্বাস্থ্যকর্মী অথবা স্বাস্থ্য সহকারীর মাধ্যম প্রসবপূর্ব সেবা (Antenatal Care) এবং প্রসবপরবর্তী সেবা (Postnatal Care) গ্রহণ করবেন।